DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 14 Sep 2026, 01:44 PM

ক্যাম্পাস

# বেরোবি ছাত্রদল নেতা মাসুদের দাবির পর লাইব্রেরি সংস্কারের উদ্যোগ

প্রতিবেদক: বেরোবি প্রতিনিধি
প্রকাশের তারিখ: সোমবার, ৩১ আগস্ট ২০২৬, ০১:২৭ PM



জাতীয়তাবাদী ছাত্রদল বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় (বেরোবি) শাখার প্রচার সম্পাদক মাসুদ রানার দাবির পর বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় লাইব্রেরিতে আসনসংখ্যা বৃদ্ধি, ওয়াশরুম নির্মাণ ও গ্যারেজ সংস্কারের উদ্যোগ নিয়েছে প্রশাসন।

এর আগে গত ১৯ জুলাই মাসুদ রানার নেতৃত্বে লাইব্রেরির পরিচালক বরাবর স্মারকলিপি দেন শিক্ষার্থীরা। স্মারকলিপিতে কেন্দ্রীয় লাইব্রেরির বিভিন্ন সমস্যা সমাধানসহ শিক্ষার্থীদের সুযোগ-সুবিধা বাড়ানোর দাবি জানানো হয়।

শিক্ষার্থীদের দাবিগুলো বিবেচনায় নিয়ে চলতি অর্থবছরে ওয়াশরুম নির্মাণ, গ্যারেজ সংস্কার এবং লাইব্রেরির তৃতীয় তলা সংস্কারের জন্য বরাদ্দ দিয়েছে বিশ্ববিদ্যালয় প্রশাসন।

এ বিষয়ে ছাত্রদল নেতা মাসুদ রানা বলেন, আমরা বরাবরই শিক্ষার্থীদের কল্যাণে কাজ করে আসছি। লাইব্রেরির সমস্যাগুলো নজরে আসার পর শিক্ষার্থীদের কথা বিবেচনা করে কয়েকজন নেতাকর্মীকে সঙ্গে নিয়ে লাইব্রেরির পরিচালকের কাছে স্মারকলিপি দিই। পাশাপাশি উপাচার্যের সঙ্গেও বিষয়টি নিয়ে কথা বলি। তিনি আমাদের আশ্বস্ত করেছিলেন। পরে কয়েক দফা আলোচনার পর চলতি অর্থবছরে এসব

কাজের জন্য বরাদ্দ দেওয়া হয়েছে।

তিনি বলেন, শিক্ষার্থীদের প্রয়োজনীয় সুযোগ-সুবিধা নিশ্চিত করতে প্রশাসনের সঙ্গে সমন্বয় করে কাজ করে যাবেন তারা।

---

## এ বিভাগের আরও খবর




**বেরোবির ইইই বিভাগের শিক্ষার্থী মিথুনের কোরিয়ায় GKS বৃত্তি লাভ**

রংপুরের বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের (বেরোবি) ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং (ইইই) বিভাগের ১০ম ব্যাচের শিক্ষার্থী মিথুন চৌধুরী...




**সাভারে পুলিশ কর্মকর্তাকে পিটিয়ে হত্যা করেছে দুর্বৃত্তরা**

ঢাকার সাভারের আমিনবাজারে পুলিশের বিশেষ শাখার (এসবি) এক উপপরিদর্শককে (এসআই) পিটিয়ে হত্যা করেছে দুর্বৃত্তরা। নিহত মো. আলতাফ হোসেন (৬০) মালিবাগ...



**যৌন সহিংসতা বন্ধে সবাইকে সম্মিলিতভাবে কাজ করতে হবে: বেরোবি উপাচার্য**

পাবলিক স্পেস, কর্মক্ষেত্র ও উচ্চশিক্ষাপ্রতিষ্ঠানে যৌন ও জেন্ডারভিত্তিক সহিংসতা প্রতিরোধে সবাইকে সম্মিলিতভাবে কাজ করার আহ্বান জানিয়েছেন বেগম...



**বেরোবিতে মাদকের বিরুদ্ধে জিরো টলারেন্স, তথ্য দিলেই ১০ হাজার টাকা পুরস্কার**

ক্যাম্পাসে বহিরাগত ও মাদকসেবীদের দৌরাত্ম্য রুখতে জিরো টলারেন্স নীতি ঘোষণা করেছে বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় (বেরোবি) প্রশাসন। মাদক কারবারি ও ম...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://www.dhakaprobe.com/campus/berobi-chhatrdl-neta-masuder-dabir-pr-laibreri-sngskarer-udjog